

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১৮৭৯

৫৩/ সংসারের প্রতি অনাসক্তি ও অন্তরের কোমলতা (کتاب الزهد والرقائق) পরিচ্ছেদঃ ৫৩/৩. মসজিদ নির্মাণের মর্যাদা।

فضل بناء المساجد

আরবী

حديث عُثْمَانَ بْنِ عَفَّانَ عَنْ عُبَيْدِ اللهِ الْخَوْلاَنِيِّ، أَنَّهُ سَمِعَ عُثْمَانَ بْنَ عَفَّانَ يَقُولُ، عِنْدَ قَوْلِ النَّاسِ فِيهِ، حِينَ بَنى مَسْجِدَ الرَّسُولِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّكُمْ أَكْثَرْتُمْ وَإِنِّي سَمِعْتُ النَّاسِ فِيهِ، حِينَ بَنى مَسْجِدَ الرَّسُولِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، يَقُولُ: مَنْ بَنى مَسْجِدًا يَبْتَغِي بِهِ وَجْهَ اللهِ، بَنَى اللهُ لَهُ مِثْلَهُ فِي الْجَنَّةِ

বাংলা

১৮৭৯. 'উবাইদুল্লাহ খাওলানী (রহঃ) হতে বর্ণিত। তিনি 'উসমান ইবনু 'আফফান (রাঃ)-কে বলতে শুনেছেন, তিনি যখন মসজিদে নববী নির্মাণ করেছিলেন তখন লোকজনের মন্তব্যের প্রেক্ষিতে বলেছিলেনঃ তোমরা আমার উপর অনেক বাড়াবাড়ি করছ অথচ আমি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ যে ব্যক্তি মসজিদ নির্মাণ করে। বুকায়র (রহঃ) বলেন, আমার মনে হয় রাবী 'আসিম (রহঃ) তাঁর বর্ণনায় উল্লেখ করেছেন, আল্লাহর সম্ভুষ্টি লাভের উদ্দেশে, আল্লাহ তা'আলা তার জন্যে জান্নাতে অনুরূপ ঘর তৈরি করে দেবেন।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৮ : সালাত, অধ্যায় ২৫, হাঃ ৪৫০; মুসলিম পর্ব ৫৩ : সংসারের প্রতি অনাসক্তি ও অন্তরের কোমলতা, অধ্যায় ৪, হাঃ ৫৩৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ উবাইদল্লাহ খাওলানী (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন